

প্রাইভেট না পড়ায় প্রধান শিক্ষকের প্রহার!

গুরুদাসপুর (নাটোর) প্রতিনিধি

প্রাইভেট পড়তে রাজি না হওয়ায় গত শনিবার নাটোরের গুরুদাসপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র তারেক ও মৈকতকে বেত্রাঘাতে প্রকট করুন করেছে ওই স্কুলের প্রধান শিক্ষক। প্রকৃত তারেকের পিতা আব্দুল মালেক উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে প্রধান শিক্ষকের অপসারণ দাবিতে লিখিত অভিযোগ করেছেন।

ঐ অভিযোগে বলা হয়েছে, প্রধান শিক্ষক গোলাম মর্তুজা ওই স্কুলের পঞ্চম শ্রেণির ছাত্রদের প্রাইভেট পড়ান। প্রকৃত তার তারেক ও মৈকত তার কাছে প্রাইভেট পড়তে রাজি না হওয়ায় নাকের মধ্যেই তিনি তাদের মারধর করতেন। বিষয়টি তারা অভিভাবকদের জানায়। অভিভাবকরা বিষয়টি কুল পরিচালনা কমিটিতে অবহিত করে। এতে প্রধান শিক্ষক ক্ষিপ্ত হয়ে শনিবার ক্লাস চলার সময় তাদেরকে প্রহার করেন। ঘটনার পর থেকে তারেক ও মৈকত স্কুল যেতে ভয় পান। প্রধান শিক্ষক গোলাম মর্তুজা বলেছেন, পরীক্ষার রেজাল্ট ব্যাপন হওয়ায় তাদের বেত্রাঘাত করা হয়েছে। তবে কুল পরিচালনা কমিটির সভাপতি মো. আব্দুল সাত্তার ঘটনার সত্যতা স্বীকার করে দুখে প্রকাশ করেন। গুরুদাসপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ইয়াসমিন আক্তার জানিয়েছেন, তদন্ত করে শিক্ষা কর্মকর্তাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে।